

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৫৯

আগরতলা, ২২ জানুয়ারি, ২০২৪

আগরতলার জগন্নাথ মন্দির পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ সকালে আগরতলাস্থিত জগন্নাথ মন্দির পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি মন্দিরে পূজা দেন এবং রাজ্য ও দেশবাসীর কল্যাণে প্রার্থনা করেন। পরে রাজ্যপাল সমস্ত মন্দির পরিসর ঘুরে দেখেন।

পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেন, আজ অযোধ্যার রাম মন্দিরে ভগবান রামের প্রাণ প্রতিষ্ঠা করা হচ্ছে। গত ৫০০ বছরের হিন্দু ধর্মাবলম্বীদের অশেষ প্রচেষ্টায় পুনরায় রাম মন্দির স্থপন করা সম্ভব হচ্ছে। যারা রাম এবং রামায়ণে বিশ্বাস করেন তাদের জন্য আজকের দিনটি খুবই গর্বের। ভগবান রামের মধ্যে একটি আদর্শ মানব জীবনের সমস্ত গুণাবলীর উপস্থিত ছিল। তাই তাঁকে মর্যাদা পূর্ণোভ্রম রাম বলা হয়। জগন্নাথ মন্দিরের সঠিক রক্ষণাবেক্ষণের জন্য রাজ্যপাল মন্দিরের পরিচালন কমিটির সদস্যদের প্রশংসা করেন।

\*\*\*\*\*